

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৮৪৩৮

জিরানীয়া, ২ জানুয়ারি, ২০২৪

মুখ্যমন্ত্রী প্রাণী পালক সম্মান নিধি প্রকল্প  
জিরানীয়া মহকুমায় ১৮০টি পরিবারকে সহায়তা

মুখ্যমন্ত্রী প্রাণী পালক সম্মান নিধি প্রকল্পে চলতি অর্থবছরে জিরানীয়া মহকুমায় ১৮০টি পরিবারকে সহায়তা প্রদান করা হয়েছে। এই যোজনায় মহকুমার পুরাতন আগরতলা, বেলবাড়ি, জিরানীয়া ও মান্দাই ইলাকে ৪৫ জন করে সুবিধাভোগী পরিবার উপকৃত হয়েছে। এই প্রকল্পে প্রতি সুবিধাভোগীকে এককালীন ৬ হাজার টাকা করে মোট ১০ লক্ষ ৮০ হাজার টাকা সহায়তা প্রদান করা হয়েছে। জিরানীয়া প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের সহ অধিকর্তার কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*